এনআরবিদের জন্য একটি ব্যবসার সূচনা গাইড

এনআরবি কারা?

বৈধ সত্তাসহ বিদেশে বসবাসরত একজন বাংলাদেশী নাগরিক

- বিদেশী রাষ্ট্রে স্হায়ী বাসিন্দা অথবা ওয়ার্ক পারমিটসহ
- বিদেশী পাসপোর্টধারীর ক্ষেত্রে তাদের দ্বৈত নাগরিকত্বের প্রমাণ হিসেবে তৎসংশ্লিষ্ট বাংলাদেশী দূতাবাস অথবা বাংলাদেশ পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে “ভিসা নিষ্প্রয়োজন” বলে ঘোষণা পত্র থাকতে হবে।



প্রবাসী বাংলাদেশীদের জন্য প্রণোদনাঃ

- সকল প্রাথমিক গণ প্রস্তাবের (আইপিও) ১০ শতাংশ প্রবাসী বাংলাদেশীদের জন্য বরাদ্দ থাকে।
- বিদেশে থাকা অবস্থায় নমিনির মাধ্যমে সেকেন্ডারী পুঁজিবাজারেও লেনদেন করতে পারে।
- ব্যক্তিগত মূলধনী মুনাফার উপর কোন কর দিতে হয় না।
- ব্যক্তি পর্যায়ে যে কোন বাংলাদেশী বাসিন্দার মতই কর দেয়ার সুযোগ দেয়া হয়।
- শেয়ারে বিনিয়োগের ক্ষেত্রে ইনভেস্টমেন্ট এলাউন্সের উপর ১০ শতাংশ কর ছাড় দেয়া হয়।

বিদেশী নাগরিক হচ্ছেঃ

- বিদেশী রাষ্ট্রের স্থায়ী বাসিন্দা বা যাদের বৈধ ওয়ার্ক পারমিট রয়েছে।
- বিদেশী পাসপোর্টধারীর ক্ষেত্রে তাদের দ্বৈত নাগরিকত্বের প্রমাণ হিসেবে তৎসংশ্লিষ্ট বাংলাদেশী দূতাবাস বা বাংলাদেশ পররাষ্ট্র মন্ত্রণালয়ের পক্ষে থেকে বাংলাদেশে ভ্রমণের জন্য "ভিসা নিষ্প্রয়োজন" বলে ঘোষণাপত্র থাকে।

বিদেশীদের জন্য প্রণোদনাসমূহঃ

- কোন নিয়ন্ত্রনমূলক বিধিনিষেধ ছাড়াই বিদেশী বিনিয়োগকারীগণ আইপিও এবং রাইট ইস্যুতে অংশগ্রহণ করতে পারে।
- সেকেন্ডারী সিকিউরিটিজ মার্কেটে বিনিয়োগের ক্ষেত্রে আন্তর্জাতিক পরিসরের বিনিয়োগকারীদের জন্য সকল বিধিমালা সম্পর্কিত বাধা তুলে নেয়া হয়।
- ব্যক্তি পর্যায়ে মূলধনী মুনাফার উপর কোনো কর নেই (এই শর্তে যে, করদাতা যে দেশের বাসিন্দা সে দেশেও এই ধরনের সুবিধা পেয়ে থাকেন)।
- ব্যক্তি পর্যায়ে আয়কর ২৫ শতাংশ।



কিভাবে শুরু করতে হবেঃ

- বৈদেশীক মুদ্রা আনয়ন এবং বিনিয়োগ থেকে আয় দেশে ফেরত নেয়ার উদ্দ্যেশ্যে বৈদেশীক মুদ্রা/ ফরেন কারেন্সী (এফসি) হিসাব খুলতে হবে।

- বিদেশী মুদ্রাকে টাকায় রুপান্তরের জন্য নন-রেসিডেন্ট ইনভেস্টরস টাকা একাউন্ট (এনআইটিএ / নিটা) খুলতে হবে।

- বিএসইসি'র সাথে নিবন্ধিত যে কোন সিকিউরিটিজ কাস্টডিয়ানের সহিত একটি কাস্টডিয়ান হিসাব খুলতে হবে যাতে প্রবাসী বাংলাদেশী এবং বিদেশী বিনিয়োগকারীগণ লেনদেন সম্পন্ন এবং শেয়ারের নিরাপদ তত্ত্বাবধান নিশ্চিত করার জন্য কাস্টডিয়ান বেছে নিতে পারে।

- যে কোন ব্রোকারেজ হাউজের সাথে বেনিফিসিয়ারী ওনার্স (বিও) হিসাব খুলতে হবে।

- একজন নমিনি/ পাওয়ার অফ অ্যাটরনী নির্ধারণ করতে হবে (পিওএ) – ঐচ্ছিক

- বিনিয়োগকারীর কিছু হয়ে গেলে তার অনুপস্থিতিতে উত্তারাধীকারী নিরুপন / হস্তান্তরের জন্য একজন নমিনী নির্ধারণ করতে হবে।এখানে মনে রাখতে হবে যে, নমিনী এবং পিওএ একই ব্যক্তি হতেও পারে অথবা নাও হতে পারে।



এনআইটিএ/ নিটা এবং এফসি হিসাবের জন্য প্রয়োজনীয় কাগজপত্রঃ

- পাসপোর্ট/ সামাজিক নিরাপত্তা কার্ড/ আবাসিক কার্ড ইত্যাদি'র সত্যায়িত অনুলিপি (যদি আপনি একটি বিদেশী রাষ্ট্রে অবস্হান করেন তাহলে তৎসংশ্লিষ্ট বাংলাদেশ দূতাবাস অথবা হাই কমিশন কর্তৃক সত্যায়িত করতে হবে।)

- পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি

- একজন নমীনি – বিনোয়গকারীর মৃত্যু হলে সুবিধাভোগী হিসেবে। নমীনি'র সই এবং ছবি (বিনোয়গকারী কর্তৃক সত্যায়িত) ব্রোকারেজ হাউজের নির্ধারিত ফরমে থাকবে।

- এনআরবিদের উপার্জনের প্রমাণ হিসেবে চাকুরী সনদ/ ট্রেড লাইসেন্সের অনুলিপি/ ওয়ার্ক পারমিট অথবা পে- স্লিপ/ ট্যাক্স রিটার্ণের ডকুমেন্টস

- প্রবাসী বাংলাদেশী দেশের বাইরে থাকাকালীন তার পক্ষ থেকে দেনদেনের দলিলে স্বাক্ষর করার জন্য একজন নির্বাচিত ব্যক্তি যার পাওয়ার অফ অ্যাটর্নী (পিওএ) থাকবে। প্রবাসী বাংলাদেশী দ্বারা পিও- এর সত্যায়িত ছবি এবং ব্রোকারেজ হাউজ থেকে প্রদানকৃত ফর্ম স্বাক্ষর সহকারে পূরণকৃত (পিওএ বাংলাদেশে বসবাসকারী আইনত পূর্ণবয়স্ক যে কোন ব্যক্তি হতে পারে) ।

- যদি ব্রোকারটি কোনো ব্যাংক হয় তবে কেওয়াইসি (নো ইউর কাস্টমার) এর একটি অতিরিক্ত ফর্ম পূরণ করতে হবে।

- প্রাথমিক তহবিল হতে হবে কোনো চেক বা পে- অর্ডার বা এফসি একাউন্ট থেকে অনুমোদিত অন্য কোন পন্থায় উত্তোলিত অর্থ।



কাস্টডিয়ান হিসাবের জন্য প্রয়োজনীয় দলিলঃ

- পাসপোর্ট/ সামাজিক নিরাপত্তা কার্ড/ আবাসিক কার্ড ইত্যাদ'র সত্যায়িত অনুলিপি (এক্ষেত্রে আপনি যদি বিদেশী কোনো রাষ্ট্রে অবস্থান করেন, তবে তৎসংশ্লিষ্ট বাংলাদেশ দূতাবাস অথবা হাইকমিশন দ্বারা সত্যায়িত করে নিতে হবে) ।
- হিসাবধারীর পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- অনুমোদিত ব্যাক্তির ছবি।
- বিনিয়োগকারীর মৃত্যু হলে তার জন্য একজন নমিনী- সুবিধাভোগীর নাম, ব্রোকারেজ হাউজ কর্তৃক প্রদানকৃত ফরমে নমিনীর স্বাক্ষর এবং ছবি থাকবে যেগুলো বিনিয়োগকারী দ্বারা সত্যায়িত হতে হবে।
- প্রবাসী বাংলাদেশীর আয়ের প্রমাণ হিসেবে চাকুরির সনদ/ ট্রেড লাইসেন্স এর অনুলিপি/ ওয়ার্ক পারমিট বা পে স্লিপ/ ট্যাক্স রিটার্ন এর দলিল।



স্টক ব্রোকিং এবং বিও হিসাবের জন্য প্রয়োজনীয় দলিলঃ

- পাসপোর্ট/ সামাজিক নিরাপত্তা কার্ড/ আবাসিক কার্ড ইত্যাদির সত্যায়িত অনুলিপি (এক্ষেত্রে আপনি যদি বিদেশী কোনো রাষ্ট্রে অবস্থান করেন, তবে তৎসংশ্লিষ্ট বাংলাদেশ দূতাবাস অথবা হাইকমিশন দ্বারা সত্যায়িত করে নিতে হবে)
- হিসাবধারীর পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- অনুমোদিত ব্যাক্তির ছবি

- পাওয়ার অফ এটর্নী'র (পিওএ) ছবি

- বিনিয়োগকারীর মৃত্যু হলে তার জন্য একজন নমিনী-সুবিধাভোগীর নাম, ব্রোকারেজ হাউজ দ্বারা প্রদানকৃত ফরমে নমিনীর স্বাক্ষর এবং ছবি থাকবে যেগুলো বিনিয়োগকারী দ্বারা সত্যায়িত হতে হবে

- ব্যাংক স্টেটমেন্ট অথবা এফসি হিসাব থেকে সনদপত্র

- পাওয়ার অফ অ্যাটর্নী (পিওএ) এর ছবি

বিদেশ থেকেঃ

- মেইলের মাধ্যমে পছন্দসই ব্রোকারেজ হাউস থেকে তৎসংশ্লিষ্ট ফর্ম সংগ্রহ করা। প্রবাসী বাংলাদেশীর সত্ত্বা প্রমাণ করার জন্য ফর্মগুলো পূরণ করে পরিচয় প্রদানকারীর অংশটুকু স্থানীয় বাংলাদেশী দূতাবাস দ্বারা সত্যায়িত করে প্রয়োজনীয় দলিলগুলো তাদের কাছে সরবরাহ করা।

- একইভাবে স্থানীয় বাংলাদেশী দূতাবাস দ্বারা ছবিগুলোও সত্যায়িত করা।

- নমিনী এবং পিওএ-এর অংশটুকু পূরণ করে ফর্মটি ব্রোকারেজ হাউজের কাছে ফেরত পাঠানো। পিওএ-কে ব্রোকারেজ হাউজের কাছে পাঠানো।

কিভাবে পরিচালনা করতে হবেঃ

- আইপিও-এর আবেদন একটি নির্দিষ্ট ফর্ম-এ পূরণ করতে হবে। এই ফর্মগুলো মেইলের মাধ্যমে, ইস্যুয়িং প্রতিষ্ঠানের ওয়েবসাইটের মাধ্যমে অথবা ব্রোকার ইত্যাদির মাধ্যমে পাওয়া যেতে পারে।

- সেকেন্ডারী বাজারে লেনদেন করা হয় ক্রয়/বিক্রয় নির্দেশের ফর্মের মাধ্যমে।

- পিওএ (নমিনী)-কে দায়িত্ব দেয়া থাকলে, পিওএ-কে অর্ডার প্লেসমেন্ট হয়ে যাওয়ার ২৪ ঘন্টার মধ্যে ক্রয়/বিক্রয় নির্দেশের ফর্মে স্বাক্ষর করতে হবে।

- যদি এনআরবি কোনো পিওএ-কে দায়িত্ব দিতে না চায়, তবে ফোন অথবা ই-মেইল (ব্রোকারের অনুমোদন সাপেক্ষে) এর মাধ্যমে নির্দেশ প্রদান করতে পারে এবং তার ২৪ ঘন্টার মধ্যে ব্রোকারের কাছে একটি স্বাক্ষরকৃত ক্রয়/বিক্রয় নির্দেশের ফর্ম ফ্যাক্স করে পাঠাতে হবে।

- বাজারের বিরাজমান নীতিমালা মেনেই লেনদেন সম্পাদিত হবে।

- শেয়ার পর্যায়ক্রমিকভাবে বিও হিসাবে জমা বা উত্তোলন করা হবে।

এনআরবিদের বিনিয়োগের ফ্লোচার্টঃ



বিদেশী নাগরিকদের বিনিয়োগের জন্য ফ্লো- চার্টঃ



টীকাঃ

যদি এনআরবিরা কাস্টডিয়ানের সেবা পেতে আগ্রহী হয় তবে পরামর্শ দেয়া হচ্ছে দলগতভাবে তা পেতে চেষ্টা করার জন্য। বাংলাদেশের স্থানীয় কাস্টডিয়ানগণ যে কাস্টডিয়ান সেবা প্রদান করে থাকে (এইচএসবিসি লিঃ, এসসিবি লিঃ, ঢাকা ব্যাংক লিঃ, সাউথ ইস্ট ব্যাংক লিঃ, এবি ব্যাংক লিঃ এবং সিটি এনএ), (শেষাংশে একটি তালিকা দেয়া হয়েছে) তা পাইকারীভাবে দেয়া হয়ে থাকে, খুচরা নয়। কারণ তারা স্বল্প ব্যায়ে ব্যক্তি পর্যায়ে কাস্টডিয়ান সেবা প্রদান করতে স্বাচ্ছন্দ বোধ করে না। দলগতভাবে কাস্টডিয়ানের সেবা পেতে হলে নিজের এলাকায় কোন তহবিল ব্যবস্থাপনাকারী অথবা আন্তর্জাতিক ব্রোকার বা বৈশ্বিক কাস্টডিয়ান সেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করতে হবে এবং তাদের মাধ্যমে বাংলাদেশে একজন কাস্টডিয়ানের সাথে যোগাযোগ করতে হবে। মধ্যস্থতাকারীদের মাধ্যমে আপনি কোনো সমস্যা ছাড়াই স্বাধীনভাবে ব্যক্তি পর্যায়ে বিও

খুলতে এবং অর্ডার প্লেসমেন্ট করতে পারবেন। এই প্রক্রিয়াটি সঠিক এবং বৈধ উপায়ে বিদেশী মুদ্রা দেশের ভিতরে বা বাইরে আনয়নের মাধ্যমে সেকেন্ডারী বাজারে আপনাকে অংশগ্রহণ করার সুযোগ করে দেবে।

কাস্টডিয়ান ব্যাংকের তালিকাঃ

হংকং এন্ড সাংহাই ব্যাংকিং কর্পোরেশন লিঃ (এইচএসবিসি)
অ্যাংকর টাওয়ার
১/১ বি, সোনারগাও রোড, ঢাকা-১২০৫
ফোনঃ ৯৬৬০৫৩৬-৪৩
ফ্যাক্সঃ ৯৬৬০৫৫৪
ওয়েবসাইটঃ www.hsbc.com.bd

ঢাকা ব্যাংক লিঃ
বিমান ভবন, ১০০ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
ফোনঃ ৯৫৫৬৫৮৫, ৯৫৫৪৫১৪,
ফ্যাক্সঃ ৯৫৫৬৫৮৪, ৯৫৬৫০১১
ওয়েবসাইটঃ www.dhakabankltd.com

সাউথইস্ট ব্যাংক লিঃ
ইউনুস ট্রেড সেন্টার
Ph: 9571115, 7160866, 9555466
ফোনঃ ৯৫৭১১১৫, ৭১৬০৮৬৬, ৯৫৫৫৪৬৬
ফ্যাক্সঃ ৯৫৬৩১০২, ৯৫৫০০৮৬
ওয়েবসাইটঃ www.sebankbd.com

আরব বাংলাদেশ ব্যাংক লিঃ
বিসিআইসি ভবন
৩০-৩১, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০
ফোনঃ ৯৫৬০৩১২, ফ্যাক্সঃ ৯৫৬৪১২২-৩
ওয়েবসাইটঃ www.abbank.com.bd

স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক লিঃ
এসসিবি হাউস
৬৭, গুলশান এভিনিউ
ফোনঃ ৯৫৬০১৮১
ওয়েবসাইটঃ www.standardchartered.com

ব্রাক ব্যাংক লিঃ
১, গুলশান এভিনিউ
গুলশান, ঢাকা-১২১২

ফোনঃ ৯৮৮৪২৯২, ৮৮১৩৯৩৮, ৮৮৩৬৫০১-২৮
ফ্যাক্সঃ ৮৮৬১৮৬৭
ওয়েবসাইটঃ www.brackbank.com

সিটি ব্যাংক এনএ
১০৯, গুলশান এভিনিউ
গুলশান, ঢাকা-১২১২
ফোনঃ ৮৮৩৩৫৬৭
ফ্যাক্সঃ ৯৮৯৯১২৬
ওয়েবসাইটঃ www.citibank.com

অগ্রণী ব্যাংক লিঃ
৯/ডি, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০
ফোনঃ ৯৫৬৬১৫৩-৫৪, ৯৫৬৬১৬০-৬৯,
ফ্যাক্সঃ ৮৮-০২-৯৫৬২৩৪৬

অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানীগুলোর তালিকাঃ

আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিঃ
শিল্প ব্যাংক ভবন (১৫ তলা)
৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০
ফোনঃ ৭১৬০৩০৩, ৭১৬০৩০৬
ফ্যাক্সঃ ৯৫৭০১৭৬
ওয়েবসাইটঃ www.icbamcl.com.bd

এসেট এন্ড ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট সার্ভিসেস অফ বাংলাদেশ লিঃ (এইমস)
ইউনিক ট্রেড সেন্টার (ইউটিসি)
লেভেল-৬, (সাউথ ওয়েস্ট)
৮ পান্থপথ, ঢাকা-১২১৫
ফোনঃ ৯১৩৬৪৩২-৪, ফ্যাক্সঃ ৯১৩৬১৬২-৩
ওয়েবসাইটঃ www.aims_bangladesh.com

এলআর গ্লোবাল এসেট ম্যানেজমেন্ট কোঃ লিঃ
কনকর্ড আইকে টাওয়ার (৪র্থ তলা)
প্লট নং ২, ব্লক নং সিইএন(এ)
গুলশাল-২, ঢাকা-১২১২
ফোনঃ ০১৭৩০-৪৫০৪৭৮-৯, ফ্যাক্সঃ ৯৮৯৫৬৮৯
ওয়েবসাইটঃ www.lrglobalbd.com

বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা
বিএসআরএস ভবন (১৬তলা)
১২ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ফোনঃ ৯১৩৭২৬৫-৭, ফ্যাক্সঃ ৯১১১২৭৪,

ওয়েবসাইটঃ www.bsrs.org.bd

রেস ম্যানেজমেন্ট পিসিএল
আকরাম টাওয়ার (৭ম তলা)
স্যুট নং ৩, ১৯৯, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী
১৫/৫, বিজয় নগর, ঢাকা- ১০০০
ফোনঃ ৯৩৬০০২৪, ৯৩৪৬০০৫ ফ্যাক্সঃ ৯৩৩৮৭৫৭
ওয়েবসাইটঃ www.racebd.com

প্রাইম ফিনান্স এসেট ম্যানেজমেন্ট কোঃ লিঃ
৬৩, দিলকুশা বা/এ, ঢাকা- ১০০০
ফোনঃ ৯৫৬৩৮৮৩, ফ্যাক্সঃ ৯৫৬৩৬৯২
ওয়েবসাইটঃ www.primefinance.net

ভিআইপিবি এসেট ম্যানেজমেন্ট কোঃ লিঃ
১১৪, শান্তিনগর, ঢাকা- ১২১৭
ফোনঃ ৯৮৬১৩৪৬, ৯৮৬১৩৬২
ফ্যাক্সঃ ৮৮১৮৩৯৫